# স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার

## বাংলা

## কোর্স : পিজি ৩.৫৪ (ঐচ্ছিক)

## উনিশ শতক : সমাজ ধারণার বিবর্তন ও প্রতিষ্ঠানের প্রতিক্রিয়া

সময় : ২ ঘণ্টা — পূর্ণমান : ৩০

*যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।*

*প্রশ্নগুলি সম মানের।* ১০×৩=৩০

১. মধ্যযুগের বাংলা সাহিত্যে সামাজিক অনুশাসন ও রীতি ভাঙ্গা একাধিক নারী চরিত্র পেলেও সমাজ-সংস্কার আন্দোলনে মুখর উনিশ শতকের, বাংলা সাহিত্যে লিঙ্গরূপ বিভাজিত সামাজিক আদর্শের অনুগত ও বাধ্য চরিত্রদের চোখে পড়া রকম ভিড় দেখি। মন্তব্যটি বিচার করে এ বিষয়ে তোমার মত প্রতিষ্ঠা করো।

**অথবা**

২. উনিশ শতকের বাংলায় সমাজ-সংস্কার আন্দোলনের বেশির ভাগই মেয়েদের সামাজিক অবস্থান ও ভূমিকা নিয়ে গড়ে উঠেছিল। বিষয়টি তোমাকে কীভাবে ভাবায়?

৩. রাসসুন্দরীর ‘আমার জীবন’ সমস্ত অনুশাসন মেনে চলা এক প্রতিবাদহীন ও বাধ্য মেয়ের নিস্প্রশ্ন আত্মকথা যা উনিশ শতকের এক মহিলার কলমে রচিত হলেও তাতে নারীস্বর অনুপস্থিত। এই মন্তব্য তোমার কাছে কতদূর গ্রহণযোগ্য?





**অথবা**

৪. রোকেয়া সাখাওয়াত হোসেনের ‘অলংকার না Badge of Slavery’ রচনাটির আসল গুরুত্ব সামাজিক লিঙ্গরূপ বিভাজন বিষয়ে কয়েকটি গুরুতর প্রশ্ন তোলায় যা উনিশ শতকের বাংলার সমাজ-সংস্কার আন্দোলনের ক্ষেত্রেও প্রাসঙ্গিক হতে পারত, প্রাসঙ্গিক হতে পারে আজও। মন্তব্যটি তুমি কেন মানবে বা মানবে না তা বুঝিয়ে দাও।

৫. উনিশ শতকের বাংলায় স্ত্রীশিক্ষার একটি লক্ষ্য ছিল নতুন বাঙালি ভদ্রলোকের উপযুক্ত সঙ্গিনী হিসাবে এক ভদ্রমহিলা গড়ে তোলা। মন্তব্যটি বিচার করে এ বিষয়ে তোমার বক্তব্য জানাও।

**অথবা**

৬. ‘প্রাচীনা ও নবীনা’ রচিত হয়েছিল এক গুরুতর সামাজিক আবর্তের মধ্যে, তার সমকালেরই এক জটিল সামাজিক পরিবর্তনকে পড়ার লক্ষ্যে। সেই রচনাকাল থেকে অনেকটাই দূরে দাঁড়িয়ে আজ সেই ‘পড়া’-কে তুমি কীভাবে পড়বে?

৭. উনিশ শতকের বাংলায় দেশজ শিক্ষার চেহারাটি কেমন ছিল তা সংক্ষেপে জানিয়ে তৎকালীন ইতিহাসে এর গুরুত্ব ও ভূমিকা বিষয়ে মন্তব্য করো।

৮. উনিশ শতকের বাংলায় ব্রাহ্মধর্মের প্রচলন ও প্রসার ধর্মাচরণের নির্দিষ্ট পরিধির বাইরে সমাজ ইতিহাসের নানা প্রসঙ্গে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছিল। মন্তব্যটি বিচার করো।

★ ★ ★